



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাজীপুর
এবং
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.gazipur.gov.bd

স্মারক নং-০৫.৪১.৩৩০০.০০২.০৬.০১.২৪-২৮

তারিখ : ২৫ চৈত্র ১৪৩০
০৮ এপ্রিল ২০২৪

গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা গাজীপুর জেলার কালিয়াকৈর ও শ্রীপুর উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন কর্তৃক গত ০২ এপ্রিল ২০২৪খ্রি. তারিখ তফসিল ঘোষণা করা হয়েছে। ঘোষিত তফসিল অনুযায়ী মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ২১ এপ্রিল ২০২৪খ্রি. এবং ভোটগ্রহণ ২১ মে ২০২৪খ্রি.।

উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা ২০১৬ এর ৫ বিধি অনুসারে কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান প্রতীক বরাদ্দের পূর্বে জনসংযোগ এবং ডিজিটাল বা সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনি প্রচার ব্যতীত, অন্য কোন প্রকারের নির্বাচনি প্রচার শুরু করতে পারবেন না।

গাজীপুর জেলার কালিয়াকৈর ও শ্রীপুর উপজেলার কোন স্থানে নির্বাচনি প্রচারণা বা শুভেচ্ছা জানিয়ে কোন পোস্টার, স্টিকার, ব্যানার, বিলবোর্ড, তোরণ থাকলে তা সংশ্লিষ্ট ব্যক্তিকে স্ব-উদ্যোগে ও নিজ খরচে অপসারণ ও দেয়াল লিখন মুছে ফেলার জন্য অনুরোধ করা হলো। কোন প্রার্থীর এ ধরনের প্রচারণা বা শুভেচ্ছা মূলক কোন বস্তু দৃষ্টিগোচর হলে তা উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর পরিপন্থী এবং শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হবে। উক্ত বিধিমালা ভঙ্গের দায়ে বিধি ৩২ অনুযায়ী কোন প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি নির্বাচন-পূর্ব সময়ে এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন করিলে অনধিক ৬(ছয়) মাস কারাদন্ড অথবা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থ দন্ড অথবা উভয় দন্ডে দন্ডনীয় হইবেন।

এমতাবস্থায়, ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪ উপলক্ষে নির্বাচনি প্রচারণা বা শুভেচ্ছা জানিয়ে কোন পোস্টার, স্টিকার, ব্যানার, বিলবোর্ড, তোরণ থাকলে তা সংশ্লিষ্ট ব্যক্তিকে স্ব-উদ্যোগে ও নিজ খরচে অপসারণ ও দেয়াল লিখন আগামী ১২/০৪/২০২৪খ্রি. তারিখের মধ্যে মুছে ফেলার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মো: মামুনুল করিম)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাজীপুর

এবং

রিটার্নিং অফিসার

কালিয়াকৈর উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

ফোনঃ ০২-৪৯২৭-৩০০৪

তারিখ : ২৫ চৈত্র ১৪৩০

০৮ এপ্রিল ২০২৪

স্মারক নং-০৫.৪১.৩৩০০.০০২.০৬.০১.২৪-২৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, গাজীপুর
৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা
৪. পুলিশ সুপার, গাজীপুর
৫. উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর/শ্রীপুর, গাজীপুর ও সহকারী রিটার্নিং অফিসার সম্ভাব্য প্রার্থীসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য বলা হলো।
৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার কালিয়াকৈর/শ্রীপুর, গাজীপুর
৭. অফিসার ইনচার্জ, কালিয়াকৈর/শ্রীপুর থানা, গাজীপুর।
৮. অফিস কপি।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাজীপুর

এবং

রিটার্নিং অফিসার

কালিয়াকৈর/শ্রীপুর উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪